



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

বারাতের রাতে দু'আ কবুল হয়

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্ মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্ মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

রাতটি বরকতময় হোক। আবারও আমাদের ১৫ই শাবানের রাতটি ভালোভাবে কেটেছে, ইনশাআল্লাহ্। ইনশাআল্লাহ্ আল্লাহ্ (জাল্লা জালালুহু) আমাদের জন্য মঙ্গল লিখেছেন এই পবিত্র রাতে। এই রাতের বারাকাত আজকেও বহাল আছে ইনশাআল্লাহ্। আজকে রোজা আছে।

আল্লাহর (জাঃজাঃ) সাথে থাকা, আল্লাহকে স্মরণ করা হচ্ছে মানবজাতির জন্য সর্বোচ্চ মঙ্গল। এর থেকে বড় আর কোন ভালো হতে পারে না। পশুরাও আল্লাহকে জানে, তারা স্রষ্টাকে জানে, কিন্তু যাদের কোন ঈমান নেই তারা শোচনীয় লোক। তারা হারিয়েছে, মানে তাদের যা কিছু আছে সব তারা হারিয়েছে। সকল জগতসমূহও যদি তাদের হয় তবুও তাদের কোন লাভ নেই।

অনেক আয়াত এবং হাদীস বলে যে, “তোমাদের মনে হবে যদি পুরো পৃথিবীটাই দান করে দিতে, শুধুমাত্র যে সামান্য তোমাদের কাছে আছে তাই নয়।” কিন্তু এখন (কিয়ামাতে) তা নিষ্ফল, দুনিয়াতে তা কাজে আসত। ঈমানের মানুষেরা দুনিয়াতে বিশাল মঙ্গলের ভেতর থাকে এবং আল্লাহকে স্মরণ করে। অন্যথায়, আল্লাহ্ না করুন, পৃথিবীর জীবন অনেকটাই শূণ্য হত। ঈমানহীনদের কোন ধারণাই নেই কেন তারা এসেছে এবং কেন তারা যাচ্ছে। তারা শুধুমাত্র পানাহার করে পশুদের মত বাঁচার জন্য আসেনি। পশুরা তা করে, তবুও পশুরা আল্লাহকে চেনে এবং উনার মহিমা প্রকাশ করে। তারা বিদ্রোহ করে না এবং গুনাহর কাজ করে না। বিদ্রোহ বা গুনাহর কাজ আল্লাহর কোন ক্ষতি করে না। ক্ষতিতে থাকে যারা করে সেসব মানুষেরা। অতএব, আমরা আল্লাহকে ধন্যবাদ জানাই আমাদের আল্লাহর পরিচয়প্রাপ্ত হিসেবে সৃষ্টি করার জন্য। অতঃপর আমাদের বানানো হয়েছে তাদের মত করে যারা আল্লাহকে স্মরণ করে এবং উনার নিয়ামাতসমূহ সঠিকভাবে ব্যবহার করে।

আল্লাহকে ধন্যবাদ এই রাত আমাদের সবার জন্যই বারাকাতে পূর্ণ ছিল, ইনশাআল্লাহ, যেহেতু আল্লাহ্ (জাঃজাঃ) বলেন, “দু'আ কর এবং আমি তোমাদের দু'আ কবুল করব।” ইনশাআল্লাহ্, আমাদের দু'আর উত্তর দেয়া হয়েছে এই রাতের সম্মানে এবং আমাদেরকে সাওয়াব দেয়া হয়েছে। আমাদের শরীর থেকেও গুরুত্বপূর্ণ এটি যে আমাদের রুহ বিশাল ফায়েয লাভ করেছে।

আল্লাহ সেসব মানুষদেরও পথ প্রদর্শন করুন যারা এসব বিষয়ে জানে না। আমাদের তাদের ব্যাপারেও সুচিন্তা করা উচিত যারা জানে না। আমাদের ভালোর জন্য দু'আ করা উচিত যেন ইনশাআল্লাহ্

www.hakkani.org / www.hakkaniyayinevi.com



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

তারাও সৌভাগ্যবান হয়। বিদ্রোহ ভালো নয় এবং যারা আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ করে তাদের সাথে থাকাও ভালো নয়। অতএব, ইনশাআল্লাহ্ আমরা সবাই যেন হিদায়াত লাভ করি। আল্লাহ্ যেন তোমাদের সাথে সন্তুষ্ট হোন।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২২ মে ২০১৬/১৫ শাবান ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।